বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ২২২২৪০১৮৯, ৪৮১২২৮৮৭, ২২২২৪০১৯০।
Website : www.brgoyn.com

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০২২ থেকে ২০২৪ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ৫ম সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ অবসর ভবন।
তারিখ ঃ ৩০ মে, ২০২২।
সময় ঃ বেলা ১১.০০ টা।
সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক।
সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।

সভায় কার্যনির্বাহী কমিটির নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন ঃ

১.	বীর মুক্তিযোদ্ধা ড. খোন্দকার শওকত হোসেন	সহ-সভাপতি
২.	বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ ড. শহীদুল ইসলাম	সহ-সভাপতি
৩.	জনাব এ কে শামসুল হক	কোষাধ্যক্ষ
৪.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ ,	যুগ্ম-মহাসচিব
৫.	বীর মুক্তিযোদ্ধা মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক)	যুগ্ম-কোষাধ্যক্ষ
৬.	বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী সাগর অরুণাভ চৌধুরী	সহকারী সাধারণ সম্পাদক
৭.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল হাই	সদস্য
৮.	বীর মুক্তিযোদ্ধা এম মিজানুর রহমান	"
৯.	বীর মুক্তিযোদ্ধা ম. খালিদ	"
১০.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আলী কবির প্রামানিক	"
১১.	বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়ারুল ইসলাম	"
১২.	কৃষিবিদ মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ	"
১৩.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আলমগীর আলী তালুকদার	"
১৪.	জনাব মোঃ ফজলুল হক	"
১৫.	জনাব মোঃ এনায়েত হোসেন	"
১৬.	প্রফেসর ডাঃ আব্দুল মালেক	"
১৭.	জনাব আবুল্লাহ হারুন পাশা	"
১৮.	প্রফেসর মোহাম্মদ আলী	বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-১
১৯.	জনাব রাফিকুদ্দৌলা সিদ্দিকী	বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-২
২০.	জনাব মো. নুরুল হক	বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-১
২১.	জনাব সাইফুল ইসলাম ভূঞা হিমেল	বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-২
২২.	জনাব শামসুল হুদা	বিভাগীয় প্রতিনিধি, রাজশাহী
২৩.	জনাব কবির আহমেদ	বিভাগীয় প্রতিনিধি, ময়মনসিংহ

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি ১ নং আলোচ্যসূচিতে বর্ণিত সমিতির ১৯ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির কার্যবিবরণী নিশ্চিতকরণের আহ্বান জানিয়ে কারো কোন মতামত থাকলে তা উপস্থাপন করার অনুরোধ জানান।

৬ উপ-কমিটিসমূহের পক্ষ হতে প্রাপ্ত কর্মপরিধির উপর আলোচনার আলোকে প্রাথমিক অনুমোদন দেওয়া হয়। সভাপতি ও মহাসচিব সংশ্লিষ্ট উপ-কমিটির চেয়ারম্যান ও/সম্পাদকের সাথে আলোচনাসাপেক্ষে কর্মপরিধি সংশোধনসহ চূড়ান্ত করতে পারবেন এবং উপ-কমিটির কর্মপরিধি সমিতির ওয়েবসাইটে আপলোড করা হবে।

আলোচ্যসূচী-৩ ঃ উপ-কমিটির সভার সুপারিশসমূহ বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন।

আলোচনা : স্বাস্থ্য উপ-কমিটির ১২/০৪/২০২২ তারিখের ১ম সভা এবং ২২/০৫/২০২২ তারিখের ২য় সভা, পেনশনারদের দাবী-দাওয়া বাস্তবায়ন উপ-কমিটির ২১/৪/২০২২ তারিখের সভা, নিয়োগ, বেতন-ভাতা ও বিধি উপ-কমিটির ২৫ এপ্রিল ২০২২ তারিখের সভা,কল্যাণ উপ-কমিটির ২৬ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভা, উন্নয়ন উপ-কমিটির ২৬ এপ্রিল ও ১৭ মে ২০২২ তারিখের সভা এবং প্রকাশনা উপ-কমিটির ২৩ মার্চ ও ২৩ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত সভা ও অর্থ বিষয়ক উপ-কমিটির ২৫ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার বিভিন্ন সুপারিশ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

(১) সমিতির চিকিৎসা কেন্দ্রের জন্য স্বাস্থ্য উপ-কমিটির সুপারিশের আলোকে একজন নেফ্রোলজিষ্ট, একজন চর্মরোগ বিশেষজ্ঞ, একজন নিউরো মেডিসিন বিশেষজ্ঞ, একজন বক্ষব্যাধি ও একজন গ্যাস্টোএন্ট্রোলোহিনোলজিস্ট চিকিৎসকের পদ সৃষ্টি।

(২) নিয়োগ বেতন-ভাতা ও বিধি উপ-কমিটির ২৫ এপ্রিল,২০২২ তারিখের সভায় সমিতির চিকিৎসা কেন্দ্রের ডেন্টাল বিভাগের কনসালটেন্ট পদটি ব্যতীত অপর ৮টি শূন্য পদ অর্থাৎ পরিচালক (প্রশাসন), কনসালটেন্ট(মেডিসিন), জুনিয়র কনসালটেন্ট(গাইনী), ডায়াবেটিক চিকিৎসক, সংরক্ষণ প্রকৌশলী, লাইব্রেরীয়ান, ডেন্টাল টেকনিশিয়ান ও একজন নিরাপত্তা প্রহরী পদে সোকবল বিধিমতে নিয়োগের জন্য উপ-কমিটি সুপারিশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এবং বিষয়টি প্রশাসনিক পুনঃবিন্যাস কমিটির নিকট প্রেরণ করা হোক। তাদের প্রতিবেদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত : বিভিন্ন উপ-কমিটির নিম্নোক্ত সুপারিশ বিস্তারিত আলোচনান্তে অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির স্বাস্থ্য উপ-কমিটির সুপারিশের আলোকে সমিতির চিকিৎসা কেন্দ্রের জন্য একজন নেফ্রোলজিষ্ট, একজন নিউরো মেডিসিন বিশেষজ্ঞ, একজন বক্ষব্যাধি ও একজন গ্যাস্টোএন্ট্রোলোহিনোলজিস্ট চিকিৎসকের পদ সৃষ্টি ও নিয়োগের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। সমিতির বিদ্যমান অর্গানোগ্রামে একজন চর্মরোগ বিশেষজ্ঞ পদ বিদ্যমান থাকায় উক্ত পদে নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

(২) সমিতির পেনশনারদের দাবী -দাওয়া বাস্তবায়ন উপ-কমিটির সুপারিশের আলোকে নিম্নরূপভাবে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয় :

(ক) বীর মুক্তিযোদ্ধা মিজানুর রহমান- আহ্বায়ক
(খ) বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়াউল ইসলাম- সদস্য
(গ) জনাব মোঃ ইমদাদুল হক – সদস্য
(ঘ) জনাব বিষ্ণু রায় চৌধুরী- সদস্য
(ঙ) জনাব মোঃ মোশাররফ হোসেন- সদস্য

উক্ত কমিটি এক পদ এক পেনশন, শতভাগ পেনশন পুনঃস্থাপনের সময়সীমা হ্রাস, পেনশনারদের চিকিৎসা ভাতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে দ্রুততম সময়ে আরকবিপি/ডিও নোটের ও চিঠিপত্রাদি প্রস্তুত করবেন।

(৩) সমিতির শূন্যপদ পূরণের ব্যাপারে নিয়োগ বেতন-ভাতা ও বিধি উপ-কমিটির সুপারিশ কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় বিস্তারিত আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৪) কল্যাণ উপ-কমিটির সুপারিশের আলোকে বিভিন্ন বরাদ্দের নীতিমালা ও আবেদন ফরম যাঁচাই সংশোধনী প্রস্তাব দাখিল করবে।

(৫) ভবিষ্যতে সমিতির উত্তরার জায়গায় একটি জেরিয়াট্রিক হাসপাতাল নির্মাণের পরিকল্পনা প্রণয়ণের ব্যাপারে উন্নয়ন উপ-কমিটি সুপারিশের আলোকে প্রকৌশলী দেওয়ান ইয়ামিন, প্রফেসর ডাঃ এম এ মালেক, জনাব আলাউদ্দিন ফকির, প্রকৌশলী দেওয়ান শাহ আলম এবং একজন স্থপতিকে কো-অপ্ট করে ৫(পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করবেন।

(৬) প্রকাশনা উপ-কমিটির সুপারিশের আলোকে সমিতির অবসর জীবন ম্যাগাজিন জানুয়ারি-জুন, ২০২২ একটি সংখ্যা ও জুলাই-ডিসেম্বর, ২০২২ সংখ্যা মোট দুইটি সংখ্যা প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রকাশনার জন্য একটি Editorial Boardও গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লিখিত অবসর জীবন ম্যাগাজিনটি একটি উচ্চ ও অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে Editorial Board টি গঠন করা হবে।

(৭) অর্থ বিষয়ক উপ-কমিটির সুপারিশের আলোকে সমিতির সার্ভিস ইম্প্রুভমেন্টের লক্ষ্যে সমিতির প্রশাসন বিভাগ, হিসাব বিভাগসহ সকল বিভাগের আইটি উন্নয়নসহ জনবলের যথোপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-৪ ঃ সমিতির প্রধান কার্যালয় ও উত্তরার জমিতে ইতোপূর্বে অনুমোদিত প্রকল্পসমূহের ওপর আলোচনাপূর্বক কার্যক্রম শুরু।

সভাপতি সমিতির প্রধান কার্যালয় ও উত্তরার জমিতে গৃহীতব্য নিম্নোক্ত প্রকল্পসমূহের তালিকাসমূহ সভায় উপস্থাপন করেন ঃ

সিদ্ধান্ত :

(ক) সমিতির প্রধান কার্যালয়ে সংস্কার করে চিকিৎসা সেবা উন্নতিকরণ এবং চিকিৎসা সেবা প্রার্থীদের সুযোগ-সুবিধা বৃদ্ধিকরণ;

(খ) সমিতির উত্তরার জমিতে ৪০ (চল্লিশ) লক্ষ টাকার ব্যয় সীমার মধ্যে একটা চিকিৎসা কেন্দ্র স্থাপন করা। এছাড়া উত্তরার জমিতে প্রবীণবাদের কোন বড় প্রকল্প তৈরি করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রেরণ করা হবে।

আলোচ্যসূচী-৫ ঃ জুলাই, ২০২২ অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভার কার্যপত্র প্রণয়নে ওয়ার্কিং কমিটি গঠন এবং কর্মপরিধি নির্ধারণ।

আলোচনা : জুলাই ২০২২ মাসে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভার কার্যপত্র এবং ওয়ার্কিং গ্রুপ গঠনের বিষয়ে সভায় আলোচনাকালে কৃষিবিদ মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ বিশেষ সাধারণ সভা করে বিপুল অর্থ ব্যয় না করে আগামী ডিসেম্বর বার্ষিক সাধারণ সভা-২০২২ অনুষ্ঠিতব্য সভার সঙ্গে বিশেষ সাধারণ সভার আয়োজন করা যেতে পারে। এ সম্পর্কে সভায় অধিকাংশ সদস্যগণ কৃষিবিদ মোঃ ওয়াসিউজ্জামান আকন্দের মতামতের সাথে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : বিশেষ সাধারণ সভা আগামী ডিসেম্বর মাসে ২০২২ সালের বার্ষিক সাধারণ সভার সঙ্গেই অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-৬ ঃ সমিতির কাজ ব্যবস্থাপনা ও ২০২২ ইং সনের বাজেট সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : সমিতির কাজ ব্যবস্থাপনা ও ২০২২ সনের বাজেট সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সমিতির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক সভায় চলতি বছরের বাজেট এবং ব্যয় সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সমিতির বিভিন্ন ব্যাংকে রক্ষিত এফ ডি আর সম্পর্কে সদস্যদের অবহিত করেন। সমিতির বেশ কিছু সংখ্যক সদস্য

বর্তমান কমিটির উন্নয়ন পরিকল্পনারভিত্তিতে বাজেট বিন্যাস করা প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন। এছাড়া সমিতির রক্ষিত এফ.ডি.আরসমূহ রাষ্ট্রায়ত্ত ব্যাংকসমূহে সংরক্ষণের বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত :

(ক) সমিতির নিম্নোক্ত সদস্যের সমন্বয়ে একটি বাজেট পুনঃবিন্যাস কমিটি গঠন করা হলোঃ

(১) জনাব এ.কে.শামসুল হক- আহ্বায়ক
(২) ড. ইউনুছুর রহমান - সদস্য
(৩) বীর মুক্তিযোদ্ধা মোঃ মহসীন আলী সরদার (বীর প্রতিক) - সদস্য

(খ) সমিতির স্থায়ী আমানতের অর্থ রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকে রাখার ব্যবস্থা করতে হবে।

আলোচ্যসূচী-৭ ঃ প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : সমিতির সদস্য বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল খাই সভায় জানান যে, সমিতির বিভিন্ন পদ সৃষ্টিকরণ, নিয়োগের নিয়মাবলী প্রণয়ন, প্রত্যেক স্তরের দায়দায়িত্ব নির্ধারণ, কার্যবন্টন তালিকা প্রণয়ন ও সমিতির সাংগঠনিক পুনর্বিন্যাস করা যেতে পারে। সভায় প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয় এবং এ বিষয়ে একটি কমিটি গঠনের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত : সমিতির সাংগঠনিক পুনর্বিন্যাস এবং পদ সৃষ্টির বিষয়ে নিম্নোক্ত কমিটি গঠন করা হয় :

(ক) জনাব এ কে শামসুল হক- আহ্বায়ক
(খ) বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল খাই- সদস্য
(গ) বীর মুক্তিযোদ্ধা ম. হামিদ- সদস্য
(ঘ) বীর মুক্তিযোদ্ধা মো: আজহার আলী তালুকদার- সদস্য
(ঙ) জনাব মো: এনায়েত হোসেন- সদস্য

উক্ত কমিটি কর্মপরিধি নিম্নরূপ হবে :

(ক) ভবিষ্যত কর্মপরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে লোকবলের সমন্বয় এবং বিদ্যমান জনবলের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ণ;
(খ) প্রত্যেক স্তরে দায় দায়িত্ব নির্ধারণ, কার্যবন্টন তালিকা প্রণয়ন করে কার্যনির্বাহী কমিটির বরাবর সুপারিশকরণ;
(গ) সাংগঠনিক কাঠামোর পুনঃবিন্যাস বিষয়ে সুপারিশ প্রনয়ণ;

উক্ত কমিটিকে আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করবেন।

আলোচ্যসূচী-৮ ঃ সদস্য অন্তর্ভুক্তি সংক্রান্ত আলোচনা ও গাইড লাইন প্রণয়ন।

আলোচনা : সমিতির সদস্য অন্তর্ভুক্তির ২৫ টি আবেদন সভায় উপস্থাপন করলে উপস্থিত অধিকাংশ সদস্য সদস্যভুক্তির ক্ষেত্রে একটি গাইড লাইন/নিয়মাবলী প্রণয়নপূর্বক সদস্য অন্তর্ভুক্তির আবেদন পরবর্তীতে বিবেচনা করা হবে।

সিদ্ধান্ত : সমিতির সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে গাইড লাইন/নিয়মাবলী প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

(ক) বীর মুক্তিযোদ্ধা এম. এ মিজানুর রহমান - আহ্বায়ক
(খ) বীর মুক্তিযোদ্ধা মোঃ আলী কবির সরদার - সদস্য-সচিব
(গ) প্রফেসর সামসাদ বেগম - সদস্য
(ঘ) বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়ারুল ইসলাম - সদস্য

উক্ত কমিটি আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করবেন।

আলোচ্যসূচী-৯ ঃ পেনশন বৈষম্য নিরসনে ওয়ার্কশপের কার্যপত্র পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : সমিতির উদ্যোগে আয়োজিত এক পদ এক পেনশন, শতভাগ পেনশন সমর্পণকারীদের পেনশন পুনঃস্থাপনের সময়সীমা হ্রাস, পেনশন বৈষম্য নিরসন ও চিকিৎসা ভাতা বৃদ্ধি সংক্রান্ত ২৫/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত ওয়ার্কশপের সুপারিশমালা সম্পর্কে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন যে, এক পদ এক পেনশন দাবী বাস্তবায়ন, শতভাগ পেনশন সমর্পণকারীদের পেনশন ৮ বছর ৪ মাসে পুনঃস্থাপন এবং পেনশনারদের চিকিৎসা ভাতা বৃদ্ধির জন্য স্মারকলিপি/আধাসরকারী পত্র প্রস্তুত করে দ্রুততম সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত : এক পদ এক পেনশন দাবী বাস্তবায়ন, শতভাগ পেনশন সমর্পণকারীদের পেনশন ৮ বছর ৪ মাসে পুনঃস্থাপন এবং পেনশনারদের চিকিৎসা ভাতা বৃদ্ধির জন্য স্মারকলিপি/আধাসরকারী পত্র প্রস্তুত করে দ্রুততম সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। জুন ২০২২ মাসের প্রথম সপ্তাহে একটি প্রেস ব্রিফিং এর আয়োজন করা হবে।

আলোচ্যসূচী-১০ঃ বিবিধ :

(ক) জরুরী স্বাস্থ্য সেবা (টেলিমেডিসিন) কেন্দ্র স্থাপন।

আলোচনা : বিবিধ আলোচনাকালে জরুরী চিকিৎসা সেবা কেন্দ্র স্থাপনের বিষয়ে সমিতির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা ড. খোন্দকার শওকত হোসেন জানান যে, জরুরী সেবা দেওয়ার ক্ষেত্রে কোন রোগীর সংকটাপন্ন অবস্থায় স্থানান্তরের বিষয়টি বিবেচনা নেওয়া প্রয়োজন। এ প্রসঙ্গে প্রফেসর ডাঃ আব্দুল আলেক জানান যে, সমিতির চিকিৎসা কেন্দ্রে জরুরী চিকিৎসা সেবা দেয়ার ব্যবস্থা নেওয়া যেতে পারে। সভায় উপস্থিত সমিতির প্রাক্তন সভাপতি জনাব আবুল্লাহ হারুন পাশা চিকিৎসা কেন্দ্রে একটি টেলিমেডিসিন কেন্দ্র স্থাপন করার পক্ষে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত : (১) জরুরী স্বাস্থ্য সেবা (টেলিমেডিসিন) কেন্দ্র স্থাপন করার ব্যবস্থা করতে হবে।

(২) ইতিপূর্বে সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত চিকিৎসা সেবা চালু রাখার সিদ্ধান্তের আলোকে ০২ (দুই) জন চিকিৎসক ও প্রয়োজনীয় সহযোগীর পদ সৃষ্টি ও নিয়োগের ব্যবস্থা নেওয়া হবে।

(খ) সমিতির ভাড়া আদায় সংক্রান্ত কমিটির বিষয়ে আলোচনা।

আলোচনা : সমিতির ভাড়াটিয়াদের নিকট হতে ভাড়া আদায় সংক্রান্ত কমিটির কর্মপরিধি নিয়ে আলোচনাকালে উক্ত কমিটির কর্মপরিধি নির্ধারণ করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করা হয় এবং কমিটির আহবায়ক বীর মুক্তিযোদ্ধা মোঃ আবদুল হাই কমিটির নাম পরিবর্তনের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে উল্লেখ করে অবসরপ্রাপ্তির সরাল স্থাবর অস্থাবর সম্পদ ব্যবস্থাপনার জন্য একটি কমিটি সম্পদ ব্যবস্থাপনা কমিটি নামকরণ করার প্রস্তাব করেন। এ বিষয়ে অধিকাংশ সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত: সমিতির সম্পদ ব্যবস্থাপনা নামে নিম্নোক্ত একটি কমিটি গঠন করা হয় :

১) বীরমুক্তিযোদ্ধা মোঃ আবদুল হাই - আহ্বায়ক
২) বীর মুক্তিযোদ্ধা মোঃ আমির উদ্দিন আদম - সদস্য
৩) বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়াউল ইসলাম উজ্জ্বল - সদস্য-সচিব
৪) জনাব মোঃ ফজলুল হক - সদস্য
৫) অধ্যাপক রাশেদ বেগম - সদস্য

উক্ত কমিটির কর্মপরিধি নিম্নরূপ হবে :

১. সমিতির সম্পত্তির ইনভেনটরী প্রস্তুতকরণ;
২. সমিতির স্থাপনাসমূহের সর্বোচ্চ ব্যবহারের সুপারিশ;
৩. সমিতির ভবনসমূহের ভাড়া আদায় ও ভাড়া সম্পর্কিত বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন;

উক্ত কমিটি আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত একটি প্রতিবেদন সমিতির কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন।

(গ) সমিতির মহাসচিবের অনুপস্থিতিতে দায়িত্ব পালন প্রসঙ্গে।

আলোচনা : সভায় আলোচনাক্রমে সমিতির মহাসচিবের দায়িত্ব সমিতির যুগ্ম-মহাসচিব ও সহকারী মহাসচিব কে দেওয়া হয়েছে মর্মে সমিতির কোষাধ্যক্ষ সভাকে অবহিত করে মহাসচিবের দায়িত্ব একক ভাবে যুগ্ম-মহাসচিবকে দেওয়া সমীচীন হিবে বলে সভায় উল্লেখ করেন। এ পরিপ্রেক্ষিতে অধিকাংশ সদস্য মহাসচিবের দায়িত্ব যুগ্ম-মহাসচিবকে দেওয়ার পক্ষে মত প্রকাশ করেন এবং উক্ত আদেশ সংশোধন/প্রত্যাহারের জন্য সভাপতির নিকট জোর দাবী করেন।

সিদ্ধান্ত : ২৮/০৪/২০২২ তারিখের আদেশ নং- ৪৩/২০২২-২২৮ বহাল থাকবে এবং এর অনুবৃত্তিক্রমে গঠনতন্ত্রের ১৮ (৮) মোতাবেক মহাসচিবের অনুপস্থিতিতে যুগ্ম-মহাসচিব মহাসচিবের অন্যান্য দায়িত্ব পালন করবেন।

(ঘ) জেলা শাখা সমিতির অফিস মনিটরিং আদেশ সংশোধন।

আলোচনা : অতঃপর সমিতির সহ-সভাপতি ড. খোন্দকার শওকত হোসেন কর্তৃক বিভিন্ন জেলা শাখা সমিতির মনিটরিং করার দায়িত্ব অর্পণের আদেশটি সংশোধন করে প্রত্যেককে বৃহত্তর জেলা সমিতির দায়িত্ব দেওয়ার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় উপস্থিত অধিকাংশ সদস্য উক্ত প্রস্তাবটি সংশোধনের পক্ষে অভিমত ব্যক্ত করেন। আলোচনান্তে আদেশটি সংশোধন করে জারী করা হবে বলে সভাপতি জানান।

সিদ্ধান্ত : জেলা শাখা সমিতির অফিস মনিটরিং আদেশটি সংশোধনপূর্বক বৃহত্তর জেলাধীন সকল জেলা শাখা সমিতির কার্যকরী মনিটরিং করার দায়িত্ব দিতে হবে।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৬/2022

(বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক)
সভাপতি